

তারিখ ... 10 JUN 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

দৈনিক ইত্তেফাক

শিক্ষক সমিতি ফেডারেশনের
দুর্গত শিক্ষক পুনর্বাসন প্রকল্প
(ইত্তেফাক রিপোর্ট)
দুর্গত এলাকায় বিপর্যস্ত
শিক্ষকগণের আশু পুনর্বাসনের
লক্ষ্যে বাংলাদেশ শিক্ষক সমিতি
ফেডারেশনের উদ্যোগে 'দুর্গত
(শেষ পৃ: ১-এর ক: ড:)

শিক্ষক সমিতি
(১ম পৃ: পর)
শিক্ষক পুনর্বাসন প্রকল্প গ্রহণ
করা হইয়াছে বলিয়া ফেডারেশ-
নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান শেখ
আমানুল্লাহ ও সেক্রেটারী জেনারেল
প্রিন্সিপাল এ,কে, এম, শহীদুল্লাহ
গতকাল (রবিবার) এক সাংবাদিক
সম্মেলনে জানান। নেতৃত্ব বিপন্ন
শিক্ষকদের আশু সাহায্যার্থে ফেডা-
রেশনের পৃষ্ঠ পৃষ্ঠ হইতে আপৎকালীন
সাহায্যের উদ্দেশ্যে গঠিত বেসরকারী
শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের
তহবিলে মেয়াদী জমা হিসাবে
রক্ষিত (জনতা ব্যাংক, তোপখানা
শাখা) ৩ (তিন) কোটি ১২ লক্ষ
টাকার অঙ্কিত মুনাফার শতকরা
৫০ ভাগ (প্রায় ১০ লক্ষ টাকা)
অবিলম্বে মুর্যোগ কবলিত দুর্গত
শিক্ষকদের আর্থিক সহায়তা হিসাবে
প্রদানের জন্য সরকারের প্রতি
আহ্বান জানান। সেইসঙ্গে তাঁহারা
অবিলম্বে উক্ত কল্যাণমূলক ট্রাস্টের
স্বগিতাদেশ প্রত্যাহারপূর্বক ট্রাস্টের
স্বাভাবিক কার্যক্রম শুরু করার
দাবী জানান।